

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। কাজের গুণের তালিকা।
- ৩। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
- ৪। মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
- ৫। ক্যালকুলেশন।
- ৬। প্রাক্কলন।

Name of work : Mass Cleaning of sewer line & manhole at Kawran Bazar Area, Tejturi Bazar Area, Tejkunipara Area, Tejgaon Truck Stand Area, and Shaheed Tajuddin Sarani West Side Area under MODS Zone-5, Dhaka WASA.

০১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৫, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে বিষয়ে উল্লেখিত এলাকায় বিভিন্ন ব্যাসের পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই সুয়ার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন আলোচ্য এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২। সেই প্রেক্ষিতে মডস জোন-৫ এর আওতাধীন আলোচ্য এলাকায় মাস ক্লিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে। মাস ক্লিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক / ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারণ করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাঙ্কফোর্স টীম-৩ কর্তৃক বর্ণিত মাস ক্লিনিং কাজটি মনিটরিং করা হবে।

০৩। অত্র জোনের আওতাধীন আলোচ্য এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ১,৯২,০০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরণে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-৩৮ Package No- SLM10 হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা “ব্যবস্থাপনা পরিচালক” মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে Mass Cleaning of sewer line & manhole at Kawran Bazar Area, Tejturi Bazar Area, Tejkunipara Area, Tejgaon Truck Stand Area, and Shaheed Tajuddin Sarani West Side Area under MODS Zone-5, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

- ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳ ১,৯২,০০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকার প্রাক্কলণটি অনুমোদন;
- খ) আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) অনুযায়ী ফোর্স একাউন্ট অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং;
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ” (বাজেট কোড নং- 01-04-002) খাত এর থেকে বরাদ্দ ক্রমিক নং-৩৮ Package No-SLM10 হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ “ব্যবস্থাপনা পরিচালক” মহোদয়ের কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

17.02.25
মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৫ ঢাকা ওয়াসা

17-02-25
মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মডুস জোন-০৫
ঢাকা ওয়াসা।

17-02-2025
মোহাম্মদ তৌহিদ এলাহী
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডুস জোন-৫, ঢাকা ওয়াসা

২৮/০২/২৫
মোঃ শাহ আলম
সহকারী প্রকৌশলী
মডুস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

২৮/০২/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

৬/ অণু-৪ এর অনুমোদন
২৮/০২/২৫

২৮/০২/২৫
প্রকৌঃ এ.কে.এম. সাহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৮/০২/২৫
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২৮/০২/২৫
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

